



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: Answer Work Sheet - 12

Class: 4



Subject: Bengali Gram (গল্প লিখন)

Date: 01 /09/2020

## সংকেত

রাখাল বালক মাঠে গোরু চরাতে গিয়ে মিছিমিছি বাঘ বাঘ বলে চেষ্টা ---  
চারপাশের লোকজন ছুটে আসত এবং বোকা বনে যেত --- একদিন সত্যি সত্যি  
পালে বাঘ পড়ল --- রাখালের চেষ্টামিচিতে কেউ এল না --- রাখাল বাঘের পেটে  
গেল ।

## মিথ্যাবাদী রাখাল

এক গ্রামে এক বালক ছিল । তার মা বাবা কেউ ছিল না । সে খুব দুঃখী ছিল ।  
একদিন গ্রামের একটি লোক তার গরু ভেড়া চড়ানোর জন্য তাকে একটা কাজ  
দিল । সেইদিন থেকে রাখাল লোকটির গরু ভেড়া নিয়ে তাদের গ্রাম থেকে বেশ  
দূরে একটা জঙ্গলের পাশের ঘাস জমিতে গরু ভেড়া চড়াতে নিয়ে যেত । রাখাল  
সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত গরুভেড়ার সঙ্গেই থাকত । সারাদিন তার এমনি কোন  
কাজ ছিল না । গরু ভেড়াগুলি নিজের মতো করে ঘাস পাতা খেত । একদিন  
রাখালের মাথায় এক দুষ্ট বুদ্ধি এল । সে ভাবল পাশেই তো জঙ্গলে বাঘ থাকে ।  
আমি যদি 'বাঘ এসেছে বাঘ এসেছে' বলে চিৎকার করি তাহলে গ্রামবাসীরা সব  
কাজ ফেলে আমাকে বাঁচাবার জন্য নিশ্চয়ই ছুটে আসবে তাহলে খুব মজা হবে ।  
গ্রামবাসীরা এসে দেখবে বাঘ নেই, তাহলে তারা বোকা হয়ে যাবে । এই রকম  
ভেবে সে চিৎকার করল, 'বাঘ এসেছে বাঘ এসেছে কে কোথায় আছ আমাকে  
বাঁচাও' ! গ্রামবাসীরা রাখালের চিৎকারে তাকে বাঁচাতে ছুটে এল । তারা লাঠি সোটা  
নিয়ে এসে দেখল কোথাও কোন বাঘ নেই । তারা আবার যে যার কাজে ফিরে

গেল। রাখাল খুব মজা পেল সে হাসতে লাগল। এরপর রাখাল দুই চারদিন পর আবার এই কাজ করল। গ্রামবাসীরা এল আবার ফিরে গেল। কিছুদিন পর একদিন সত্যি সত্যি বাঘ এল। রাখাল এইবার ভয় পেয়ে চিৎকার করল ‘বাঘ এসেছে বাঘ এসেছে আমাকে বাঁচাও’! রাখালের চিৎকার শুনেও এইবার কিন্তু গ্রামবাসীরা কেউ এল না। বাঘ এসে রাখালকে মেরে জঙ্গলের মধ্যে নিয়ে চলে গেল। এইভাবে মিথ্যাবাদী রাখালের সাজা হল।

Manashi Chaudhuri